তারিখ . . 0.4 .AUG. 2016. ...
পৃষ্ঠা ...৪... কলাম...৬. ......

সংবাদ



শিক্ষামন্ত্রীর সঙ্গে ভারতীয় হাইকমিশনারের সাক্ষাৎ

# শিক্ষাসহ বিভিন্ন খাতে দুদেশের সহযোগিতা নিয়ে আলোচনা

নিজস্ব বার্তা পরিবেশক

বাংলাদেশে নিযুক্ত ভারতীয় হাই কমিশনার হর্ষবর্ধন শ্রীংলা গতকাল বিকেলে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের সঙ্গে তার মন্ত্রণালয়ের দফতরে সাক্ষাৎ করেন। সাক্ষাৎকালে তারা শিক্ষাসহ বিভিন্ন ক্ষেত্রে দুটি বন্ধুপ্রতীম প্রতিবেশী দেশের মধ্যে সহযোগিতার বিষয়ে আলোচনা করেন।

শিক্ষামন্ত্রী বাংলাদেশে শিক্ষার উন্নয়নে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকার গৃহীত বিভিন্ন কর্মসূচি তুলে ধরেন। ভারতীয় হাইকমিশনার বাংলাদেশে শিক্ষাসহ বিভিন্ন ক্ষেত্রে অর্জিত সাফল্যের ভূঁয়সী প্রশংসা করেন। শিক্ষামন্ত্রী মতবিনিময়কালে বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধে প্রতিবেশী বন্ধু রাষ্ট্র ভারতের অবদান গভীর কৃতজ্ঞতার সঙ্গে স্মরণ করেন। শিক্ষা সচিব সোহরাব হোসাইন, ভারতীয় হাইকমিশনের কর্মকর্তা রঞ্জন মণ্ডলসহ সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তা এ সময় উপস্থিত ছিলেন।